



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
নির্বাচন সহায়তা-২ শাখা
www.ecs.gov.bd

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৩.২২-৪৫৫

তারিখঃ ১৯ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ
০৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ

পরিপত্র

বিষয় : ভোটার তালিকায় স্থায়ী ঠিকানা পরিবর্তন বিষয়ক আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর ১০ বিধির অংশ নিবন্ধন ফরম (ফরম-২) এর ২৫নং ফিল্ডে ভোটারের স্থায়ী ঠিকানা লিপিবদ্ধ করার বিধান রয়েছে। এই ফিল্ডটি আবেদিত ভোটারগণের ভুলবশত/অজ্ঞাতবশত লিপিবদ্ধকরণে ত্রুটি থাকার কারণে তার স্থায়ী ঠিকানা সংশোধন/পরিবর্তনের জন্য ব্যবস্থা রয়েছে। এক্ষেত্রে ভোটার তালিকায় স্থায়ী ঠিকানা পরিবর্তন/সংশোধন করতে হলে সংশ্লিষ্ট ভোটারকে স্থায়ী ঠিকানা (বিভাগ, অঞ্চল, জেলা, উপজেলা, পোস্ট অফিস ও পোস্ট কোড, ইউনিয়ন/ওয়ার্ড, বাসা/হোল্ডিং, গ্রাম/রাস্তা, মৌজা/মহল্লা) লিপিবদ্ধপূর্বক যদি তিনি বর্তমান ঠিকানা ভোটার হন, তাহলে সংশোধনের জন্য আবেদন করতে পারবেন।

২। জাতীয় পরিচয়পত্র ও সংরক্ষিত তথ্য-উপাত্ত (সংশোধন, যাচাই এবং সরবরাহ) প্রবিধানমালা, ২০১৪ এর প্রবিধান ৪ এর (ফরম-২) এর আবেদন দাখিলের নির্দেশনাবলী ১০ অনুচ্ছেদ অনুযায়ী (বাসা/হোল্ডিং/গ্রাম/রাস্তা/ডাকঘর) সংশোধনের ক্ষেত্রে, সঠিক ঠিকানার স্বপক্ষে বাড়ির দলিল/টেলিফোন, গ্যাস বা পানির বিল/বাড়ি ভাড়া চুক্তিপত্র রশিদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। তবে বাড়িভাড়ার চুক্তিপত্র দিয়ে পরিবর্তনের ক্ষেত্রে অধিকতর যাচাই বাছাই করা যেতে পারে। উল্লেখ্য, যেহেতু সংশ্লিষ্ট ভোটারগণের নিজস্ব ভুলের কারণে স্থায়ী ঠিকানা লেখার ক্ষেত্রে ভুল হয়েছে সেহেতু জাতীয় পরিচয়পত্রে তথ্য-উপাত্ত সংশোধন সংক্রান্ত আবেদন হওয়ায় এক্ষেত্রে বর্ণিত প্রবিধান-মালার ১১ প্রবিধান অনুসরণে নির্ধারিত ফি/চার্জ প্রদান সাপেক্ষে আবেদন করতে হবে এবং ‘ক’ ক্যাটাগরিডুক্ত কর্মকর্তাগণ (উপজেলা/থানা নির্বাচন/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ) স্থায়ী ঠিকানা পরিবর্তন/সংশোধনের স্বপক্ষে প্রমাণক হিসেবে দাখিলী কাগজপত্র মোতাবেক তা নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। NID Portal (Services.nidw.gov.bd)-এ ভোটারগণের স্থায়ী ঠিকানা পরিবর্তনের সুযোগ আছে। যদি বর্তমান ঠিকানার ভোটারগণ স্থায়ী ঠিকানা পরিবর্তনের আবেদন করতে চান সেক্ষেত্রে উক্ত ভোটারগণ NID Portal (Services.nidw.gov.bd) এর Other information option-এ গিয়ে স্থায়ী ঠিকানা পরিবর্তনের জন্য আবেদন করতে পারবেন। NID Portal (Services.nidw.gov.bd)-এ আবেদনের ধরণ “Other info Correction” অপশন হতে ঠিকানা পরিবর্তন করা যাবে। NID Portal (Services.nidw.gov.bd)-এ দাখিলী আবেদন উপজেলা নির্বাচন অফিসার নিষ্পত্তি করবেন। যদি ভোটার স্থায়ী ঠিকানার ভোটার হন তাহলে ভোটার NID Portal (Services.nidw.gov.bd) এর মাধ্যমে আবেদন করতে পারবেন না। আবেদন করলে তার বর্তমান ঠিকানা পরিবর্তন হয়ে যাবে। স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে হলে উপজেলা নির্বাচন অফিস হতে প্রথমে ভোটারকে স্থানান্তরের আবেদনের মাধ্যমে বর্তমান ঠিকানায় ভোটার করতে হবে। তারপর স্থায়ী ঠিকানার পরিবর্তনের আবেদন করবেন। প্রসঙ্গত উল্লেখ্য, বর্তমান ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর ২৬ বিধি অনুসারে স্থানান্তরের মাধ্যমে পরিবর্তনের বিষয়টি অপরিবর্তিত থাকবে।

৪। উল্লিখিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ ক্রমে অনুরোধ করা হলো।



(মোঃ আব্দুল হালিম খান)

উপসচিব (নিঃসঃওসঃ)

ফোন# ০২-৫৫০০৭৫১৬

উপজেলা/থানা নির্বাচন অফিসার

.....(সকল)।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

নং- ১৭.০০.০০০০.০২৬.৩২.০০৩.২২-৪৫৫

তারিখঃ

১৯ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ


০৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ০২। যুগ্ম-সচিব(সকল) নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ০৪। সিস্টেম ম্যানেজার, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা [CMS Portal-এ পরিপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা সংশোধন উপযোগি রাখা নিশ্চিত করার অনুরোধসহ]
- ০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা,(সকল)
- ০৬। উপসচিব.....(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৭। পরিচালক (অপারেশন্স) জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ০৮। সিনিয়র জেলা/জেলা নির্বাচন অফিসার.....(সকল)
- ০৯। সিস্টেম এনালিস্ট, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ১০। প্রোগ্রামার..... (সকল), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা
- ১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১২। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনারবৃন্দ (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩। একান্ত সচিব, সচিব মহোদয়ের দপ্তর, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


১৯.৯.২০২২
(মোঃ মোশাররফ হোসেন)
সহকারী সচিব (নিঃসঃ-২)